সমকাল

তারিখ 26 MAY 2015
পৃষ্ঠা ২ কলাম ৮

# হাইকোর্টের নির্দেশ সত্ত্বেও শাবিতে পরীক্ষা দিতে বাধা

■ সমকাল প্রতিবেদক

হাইকোর্ট পরীক্ষা নিতে নির্দেশ দিলেও শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মুন্সী মো. মিসবাহউদ্দিন নামের একজন শিক্ষার্থীকে গতকাল সোমবার পরীক্ষার হলে ঢুকতে বাধা দিয়েছে। তিনি ওই বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল (সিএসই) বিভাগের শিক্ষার্থী এবং প্রথম আলোর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি। তবে অনেক অনুরোধের পর তাকে পরীক্ষা দেওয়ার অনুমতি দেওয়া হয়। ততক্ষণে প্রায় এক ঘণ্টা পার হয়ে যায়।

জানা যায়, গত ২৬ এপ্রিল মিসবাহ তার চতুর্থ বর্ষ দ্বিতীয় সেমিস্টারে ভর্তির জন্য আবেদন করেন। কিন্তু বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তার ভর্তি নেয়নি। হাইকোর্ট গত ২৪ মে এক আদেশে তার স্বাভাবিক শিক্ষা কার্যক্রম চালিয়ে যাওয়া ও পরীক্ষা নেওয়ার নির্দেশ দেন। কিন্তু গতকাল সকাল সাড়ে ৯টার কিছু আগে মিসবাহ পরীক্ষা দিতে গেলে তাকে হলে ঢুকতে দেওয়া হয়নি।

এরপর প্রথম আলোর ঢাকা কার্যালয় থেকে শাবি কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করা হলে মিসবাহকে পরীক্ষা দেওয়ার সুযোগ দেওয়া হয়। তবে ততক্ষণে প্রায় এক ঘণ্টা পার হয়ে যায়। মিসবাহ জানান, এ রকম মানসিক অস্থিরতার মধ্যে তিনি সুষ্ঠুভাবে পরীক্ষা দিতে পারেননি। বিষয়টি জানিয়ে তিনি ভারপ্রাপ্ত উপাচার্যের কাছে চিঠি দিয়েছেন।

বিশ্ববিদ্যালয়ের একটি বিভাগে শিক্ষক নিয়োগে নীতিমালা লঙ্ঘনের বিষয়ে ২০১৩ সালের ২২ এপ্রিল প্রথম আলোতে একটি প্রতিবেদন প্রকাশ হলে মিসবাহকে ওইদিনই বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বহিষ্কার করা হয়। এর বিরুদ্ধে রিট করা হলে ২০১৩ সালের ১২ জুন হাইকোর্টের একটি বেঞ্চ বহিষ্কার আদেশ স্থগিত করে রুল জারি করেন। এরপর হাইকোর্টের আদেশেই তার শিক্ষা কার্যক্রম চলছে।